গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সুন্দরগঞ্জ, গাইবান্ধা
www.sundarganj.gaibandha.gov.bd

## উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সেপ্টেম্বর/২০২৫ মাসের সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ রাজ কুমার বিশ্বাস, উপজেলা নির্বাহী অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।

তারিখ ঃ ১৬/০৯/২০২৫ খ্রিঃ

সময় ঃ সকাল ১০.০০ ঘটিকা।

স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ

উপস্থিত সদস্যবৃন্দের নাম ও পদবী: পরিশিষ্ট-'ক'

অনুপস্থিত সদস্যবৃন্দের নাম ও পদবী: পরিশিষ্ট-'খ'

উপস্থিত সকল সদস্যগণকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সুন্দরগঞ্জ উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক ও সন্তোষজনক রয়েছে মর্মে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানানো হয়। অত:পর সভাপতি জনাব রাজ কুমার বিশ্বাস, উপজেলা নির্বাহী অফিসার, সুন্দরগঞ্জ গাইবান্ধা, বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কার্যবিবরণী পাঠান্তে কোন সংশোধনী/সংযোজনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরনপূর্বক আলোচ্যসূচি মোতাবেক সভা পরিচালনা করা হয়।

| বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১। আইন-শৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে আলোচনা | অফিসার ইনচার্জ সুন্দরগঞ্জ থানা বলেন, সুন্দরগঞ্জ থানায় আগস্ট ২০২৫ মাসে ৩৩ টি মামলা রুজু হয়েছে। জুলাই ২০২৫ মাসে মামলার সংখ্যা ছিল ৩৯ টি। গত মাসের তুলনায় মামলা সংখ্যা হ্রাস পেয়েছে। তিনি বলেন, সুন্দরগঞ্জ উপজেলার আইন-শৃংখলা পরিস্থিতি অন্যান্য সময়ের তুলনায় ভালো। উপজেলার আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে মাদক, অনলাইন জুয়া, বাল্য বিবাহ ও অন্যান্য অপরাধ প্রতিরোধে গ্রাম পুলিশ, ইউনিয়ন পরিষদ মেম্বার, চেয়ারম্যানগণসহ সকল রাজনৈতিক ও গণ্যমান্য ব্যক্তিবর্গের সার্বিক সহযোগিতা কামনা করেন। | ১। উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে বিভিন্ন অপরাধপ্রবণ ও জনগুরুত্বপূর্ণ স্থানে পুলিশি টহল বৃদ্ধি করতে হবে।<br>২। উপজেলার আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে চেয়ারম্যানগণ স্ব-স্ব ইউনিয়নের গ্রাম পুলিশ মোতায়েন করবেন। | ১। উপজেলা প্রশাসন, সুন্দরগঞ্জ গাইবান্ধা।<br>২। অফিসার ইনচার্জ, সুন্দরগঞ্জ থানা।<br>৩। চেয়ারম্যান, (সকল) ইউপি, সুন্দরগঞ্জ, গাইবান্ধা<br>৪। সংশ্লিষ্ট সকল দপ্তরপ্রধান। |
| ২। অপরাধ চিত্র | অফিসার ইনচার্জ সুন্দরগঞ্জ থানা আগস্ট/২০২৫ মাসে দায়েরকৃত মামলার তথ্যাদি উপস্থাপন করেন যা নিম্নরূপ: | | |

| নারী শিশু নির্যাতন | | | খুন | ডাকাতি /দস্যুতা | চুরি/সিধেল চুরি | মাদক | চোরাচালান | বিশেষ ক্ষমতা আইনের মামলা | অস্ত্র | অন্যান্য | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ধর্ষণ | অপহরণ | না:শি:নি: | | | | | | | | | |
| ০২ | ০১ | ০২ | ০২ | - | ০১ | ০৫ | - | - | - | ২০ | ৩৩ |

৩। গ্রাম আদালতের আগস্ট/২০২৫ মাসের দায়ের ও নিষ্পত্তিকৃত মামলার তথ্যাদি নিম্নরূপ:

| ইউপির নাম | পূর্বের অপেক্ষমান মামলার সংখ্যা | দায়েরকৃত মামলার সংখ্যা | উচ্চ আদালত থেকে প্রাপ্ত মামলার সংখ্যা | মোট মামলা সংখ্যা (৩+৪+৫) | নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | ৩ (তিন) মাসের অধিক অনিষ্পন্ন মামলার সংখ্যা | বাতিল ও উচ্চ আদালতে প্রেরীত মামলার সংখ্যা | মোট নিষ্পত্তিকৃত (৭+৮) মামলার সংখ্যা | বর্তমানে অপেক্ষমান মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ০২ |
| বামনডাঙ্গা | ০১ | ০৩ | - | ০৫ | ০৩ | - | - | ০৩ | ০২ |
| সোনারায় | ০৮ | ০১ | - | ০২ | ০১ | - | - | ০১ | ০১ |
| তারাপুর | ০১ | ১৮ | - | ২৬ | ১৩ | - | - | ১৩ | ১৩ |
| বেলকা | ০৪ | ০৫ | - | ০৬ | ০৪ | - | - | ০৪ | ০২ |
| দহবন্দ | ০১ | ০২ | - | ০৬ | ০১ | - | - | ০১ | ০৫ |
| সর্বানন্দ | ০১ | ০৩ | - | ০৪ | ০২ | - | - | ০২ | ০২ |
| রামজীবন | ০২ | - | - | ০১ | ০১ | - | - | ০১ | ০০ |

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ধোপাডাঙ্গা | ০২ | ০২ | - | ০৪ | ০২ | - | - | ০২ | ০২ |
| ছাপড়হাটী | ০২ | - | - | ০২ | ০১ | - | - | ০১ | ০১ |
| শান্তিরাম | ০৬ | - | - | ০৬ | - | - | - | - | ০৬ |
| হরিপুর | ০৪ | ০৪ | - | ০৮ | ০২ | - | - | ০২ | ০৬ |
| কঞ্চিবাড়ী | ০২ | ০১ | - | ০৩ | - | - | - | - | ০৩ |
| শ্রীপুর | - | ০১ | - | ০১ | - | - | - | - | ০১ |
| চন্ডিপুর | ০৬ | ০৫ | - | ১১ | ৪ | - | - | ৪ | ০৭ |
| কাপাসিয়া | ০১ | ০১ | - | ০২ | ০১ | - | - | ০১ | ০১ |
| মোটঃ | ৪১ | ৪৬ | - | ৮৭ | ৩৫ | - | - | ৩৫ | ৫২ |

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| সভাপতি, গ্রাম আদালতে দায়েরকৃত মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির উপর গুরুত্বারোপ করেন। সভাপতি বলেন, গ্রাম আদালত পরিচালনার বিষয়ে সপ্তাহের প্রতি সোমবার ও বুধবার বাধ্যতামূলকভাবে গ্রাম আদালত পরিচালনা করার জন্য জেলা প্রশাসক, মহোদয় জেলা আইন-শৃঙ্খলা কমিটির সভায় নির্দেশনা প্রদান করেছেন। তিনি ইউনিয়ন পরিষদ গ্রাম আদালতে মামলা দায়ের নিষ্পত্তি ও পেন্ডিং মামলার তথ্য প্রতিমাসের ৩০ তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসে প্রেরনের নির্দেশনা প্রদান করেন। | ১। গ্রাম আদালত পরিচালনার জন্য প্রতি সপ্তাহে নির্দিষ্ট দিন সোমবার ও বুধবার নির্ধারণ করে আদেশ জারি করতে হবে এবং সে অনুযায়ী গ্রাম আদালত পরিচালনার শিডিউল প্রতিমাসের ৩০ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। | চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা। |
| ৪। ইউনিয়ন পর্যায়ে অনুষ্ঠিত আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী:<br>সভাপতি সভায় জানান ইউনিয়ন থেকে আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী পাওয়া গেছে। আগস্ট/২০২৫ মাসে অনুষ্ঠিত সভাসমূহের তারিখ নিম্নে উল্লেখ করা হলো। | উপজেলার সকল ইউনিয়ন আইন-শৃঙ্খলা কমিটির নিয়মিত সভা আয়োজন করে সভার কার্যবিবরণী মাসের ৩০ তারিখের মধ্যে জেলা প্রশাসকের কার্যালয়, গাইবান্ধা এবং এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। | চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা। |

| ইউনিয়নের নাম | সভা অনুষ্ঠানের তারিখ: |
|---|---|
| বামনডাঙ্গা | ২৬/০৮/২৫ |
| সোনারায় | ১৮/০৮/২৫ |
| তারাপুর | ১৮/০৮/২৫ |
| বেলকা | ২০/০৮/২৫ |
| দহবন্দ | ১৩/০৮/২৫ |
| সর্বানন্দ | ২৮/০৮/২৫ |
| রামজীবন | ২৫/০৮/২৫ |
| ধোপাডাঙ্গা | ২৮/০৮/২৫ |
| ছাপড়হাটী | ২৭/০৮/২৫ |
| শান্তিরাম | ২৮/০৮/২৫ |
| হরিপুর | ২০/০৮/২৫ |
| কঞ্চিবাড়ী | ২২/০৮/২৫ |
| শ্রীপুর | ২৮/০৮/২৫ |
| চন্ডিপুর | ২৪/০৮/২৫ |
| কাপাসিয়া | ২৪/০৮/২৫ |

| | | | |
|---|---|---|---|
| ৫। ইভটিজিং/ নারী নির্যাতন/ অপহরণ সংক্রান্ত আলেচনা | অফিসার ইনচার্জ, সুন্দরগঞ্জ থানা উল্লেখ করেন যে, আগস্ট ২০২৫ মাসে এ উপজেলায় নারী নির্যাতন সংক্রান্ত ০২ টি এবং অপহরণ সংক্রান্ত ০১ টি মামলা দায়ের হয়েছে। উপজেলায় কোথাও ইভটিজিং/নারী নির্যাতন ও অপহরণ এর তথ্য পাওয়া গেলে তা তাৎক্ষনিণকভাবে প্রতিরোধের ব্যবস্থা নেয়া হবে। মওলানা ভাসানী সেতু চলাচলে অপ্রতাশিত ঘটনা এড়ানোর জন্য পুলিশি অভিযান অব্যাহত রাখার কথা জানান এবং সেইসাথে অপহরণ রোধে ইউপি চেয়ারম্যানের মাধ্যমে সচেতনমূলক সভা আয়োজন করার পরামর্শ দেন। | উপজেলায় ইভটিজিং/নারী নির্যাতন ও অপহরণ সংক্রান্ত ঘটনা প্রতিরোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণসহ মওলানা ভাসানী সেতু সংলগ্ন এলাকায় আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য অফিসার ইনচার্জ, সুন্দরগঞ্জ থানাকে অনুরোধ করা হয়। | অফিসার ইনচার্জ সুন্দরগঞ্জ থানা। |

| | | | |
|---|---|---|---|
| ৬। মওলানা ভাসানী সেতু এলাকায় পুলিশ ফাঁড়ি/তদন্ত কেন্দ্র স্থাপন এবং পুলিশি টহল অব্যাহত রাখা | অফিসার ইনচার্জ, সুন্দরগঞ্জ থানা সভায় বলেন যে, সুন্দরগঞ্জ উপজেলার হরিপুর ইউনিয়নে তিস্তা নদীর উপর নির্মিত ১৪৯০ মিটার দীর্ঘ মওলানা ভাসানী সেতু এর শুভ উদ্বোধন হওয়ায় সেতুকে কেন্দ্র করে বিপুল লোকসমাগম হচ্ছে ফলে উক্ত স্থানে অপরাধমূলক কর্মকান্ড বৃদ্ধি পাওয়াসহ জনসাধারণের শান্তি শৃঙ্খলা বিঘ্ন হওয়ার আশঙ্কা রয়েছে তাই বর্ণিত স্থানের জনসাধারণের শান্তি ও শৃঙ্খলা রক্ষার্থে একটি পুলিশ ফাঁড়ি/পুলিশ তদন্তকেন্দ্র স্থাপন একান্ত করা প্রয়োজন। এছাড়া তিনি মওলানা ভাসানী সেতু চলাচলে অপ্রতাশিত ঘটনা এড়ানোর জন্য পুলিশি টহল বৃদ্ধি করার কথা জানান। উক্ত সভায় উপস্থিত দলীয় নেতৃবৃন্দ সভায় মওলানা ভাসানী সেতু চলাচলে অপ্রতাশিত ঘটনা এড়ানোর জন্য সেচ্ছাসেবক দল গঠন করার পরামর্শ দেন এবং সার্বিক সহযোগিতার কথা বলেন। সভাপতি সভায় বলেন, মওলানা ভাসানী সেতু চলাচলে অপ্রতাশিত ঘটনা এড়ানোর জন্য বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের মাঝে সড়ক পরিবহন আইন এর কপি বিতরণ করা এবং সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | ১। মওলানা ভাসানী সেতু এলাকায় পুলিশ ফাঁড়ি/তদন্ত কেন্দ্র স্থাপন এর প্রস্তাবটি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। মওলানা ভাসানী সেতু চলাচলে অপ্রতাশিত ঘটনা এড়ানোর জন্য পুলিশি টহল বৃদ্ধি করা। | ১। স্বরাষ্ট্র মন্ত্রণালয়<br>২। অফিসার ইনচার্জ, সুন্দরগঞ্জ থানা। |
| ৭। চুরি/ডাকাতি | অফিসার ইনচার্জ সুন্দরগঞ্জ থানা সভায় বলেন, আগস্ট ২০২৫ মাসে এ উপজেলায় বৈদ্যুতিক তার চুরির অপরাধে ০১ টি মামলা হয়েছে। মামলা দায়ের হয়েছে। চুরি ঘটনা ঘটলে দ্রুত থানায় অবগত করা হলে ব্যবস্থা নেয়া হবে। | ১। উপজেলায় চুরি রোধে পৌরএলাকাসহ গুরুত্বপূর্ণ স্থানসমূহে পুলিশি টহল বৃদ্ধি করতে হবে।<br>২। গ্রাম অঞ্চলে চুরি-ডাকাতি রোধে গ্রাম পুলিশের টহল বৃদ্ধি করতে হবে। | ১। অফিসার ইনচার্জ, সুন্দরগঞ্জ থানা।<br>২। চেয়ারম্যান (সকল) ইউপি। |
| ৮। মাদকদ্রব্য সম্পর্কে আলোচনা | অফিসার ইনচার্জ, সুন্দরগঞ্জ থানা সভায় জানান দেশে মাদক বিরোধী অভিযান চলমান রয়েছে। চলতি মাসে থানায় মাদক সংক্রান্ত ০৫ টি মামলা দায়ের হয়েছে। মাদক সংক্রান্ত বিষয়ে ইউপি চেয়ারম্যান, উক্ত সভায় উপস্থিত দলীয় নেতৃবৃন্দ সভায় জানান মাদক, অনলাইন জুয়া, বাল্য বিবাহ ও অন্যান্য অপরাধ বন্ধ করার প্রচেষ্টার জন্য অফিসার ইনচার্জকে অনুরোধ করেন এবং উক্ত বিষয়ে সকল মসজিদের ইমামগণকে আলোচনা করার জন্য সভাপতিকে অনুরোধ করেন। সেইসাথে যেখান থেকে মাদক সরবরাহ করা হয় সেই সকল জায়গায় পুলিশি অভিযান অব্যাহত রাখার জন্য অনুরোধ করেন।<br><br>সভাপতি সভায় বলেন, বাল্য বিবাহ, জুয়া, মাদক রোধে পৌরসভাসহ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান, রাজনৈতিক ও গণ্যমান্য ব্যক্তিগণকে সচেতনমূলক সভা করা, শিক্ষা প্রতিষ্ঠানে অভিভাবক সমাবেশ আয়োজন করা, শিক্ষা প্রতিষ্ঠানের আশে পাশে দোকানে আড্ডা বন্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা। এছাড়া এসব অপকর্ম রোধে মোবাইল কোর্ট পরিচালনার করা এবং সর্বসাধারণ মানুষের মাঝে সামাজিক সচেতনামূলক প্রতিরোধ করা প্রয়োজন। | ১। মাদকের ব্যবহার, ক্রয় ও বিক্রয় রোধে অফিসার ইনচার্জ সুন্দরগঞ্জ থানা ব্যবস্থা গ্রহণ করবেন।<br>২। মাদক রোধে মাদক বিরোধী সচেতনতামূলক সভা/সেমিনার সভা আয়োজন করতে হবে। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যার বিষয়টি নিশ্চিত করবেন।<br>৩। মাদক রোধে মাদক বিরোধী সচেতনতামূলক অভিভাবক সমাবেশ আয়োজন করতে হবে। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ব্যবস্থা গ্রহণ করবেন।<br>৪। মাদক, বাল্য বিবাহ, জুয়া ও অন্যান্য অপরাধ বিষয়ে ইমামগণের মাধ্যমে আলোচনা করা। | ১। উপজেলা প্রশাসন, সুন্দরগঞ্জ গাইবান্ধা।<br>২। অফিসার ইনচার্জ, সুন্দরগঞ্জ থানা।<br>৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সুন্দরগঞ্জ<br>৪।ফিল্ড সুপারভাইজার উপজেলা ইসলামিক ফাউন্ডেশন সুন্দরগঞ্জ, গাইবান্ধা<br>৫। চেয়ারম্যান (সকল) ইউপি। |
| ৯। বাল্যবিবাহ সম্পর্কিত আলোচনা | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান চলতি মাসে বাল্য বিবাহ প্রতিরোধ এবং সচেতনতামূলক সভা, উঠান বৈঠক, প্রচার-প্রচারনা কার্যক্রম অব্যাহত রয়েছে। | ১। কোথাও বাল্য বিবাহের আয়োজন করা হলে দ্রুত অবহিত করতে ইউপি চেয়ারম্যানসহ সকলেই পদক্ষেপ নিবেন।<br>২। বাল্য বিবাহরোধে সচেতনতামূলক সভা, উঠান বৈঠক প্রচার-প্রচারনার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা পদক্ষেপ নিবেন । | ১।উপজেলা প্রশাসন, সুন্দরগঞ্জ।<br>২।অফিসার ইনচার্জ, সুন্দরগঞ্জ থানা<br>৩। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সুন্দরগঞ্জ<br>৪। ইউপি চেয়ারম্যান (সকল) সুন্দরগঞ্জ। |

| | | | |
|---|---|---|---|
| ১০। বিবিধ আলোচনা | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান দেশে করোনা ভাইরাস এর প্রাদুর্ভাব শুরু হয়েছে। সকল শিক্ষা প্রতিষ্ঠানসহ হাট-বাজার এবং গণ্যমান্য বক্তিবর্গগণকে স্বাস্থ্য বিধি মেনে চলার জন্য সচেতনতামূলক সভা/সেমিনার ও প্রচার-প্রচারণা জোরদার করার অনুরোধ জানান। এছাড়া তিনি আরো জানান যে, ১২ অক্টোবর ২০২৫ খ্রিঃ তারিখ হতে টাইফোয়েড টিকাদান কার্যক্রম শুরু হবে উক্ত টিকাদান কার্যক্রমের জন্য সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন।<br><br>সভাপতি সভায় বলেন, সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান, রাজনৈতিক ও গণ্যমান্য ব্যক্তিগণকে করোনা ভাইরাস এবং ডেঙ্গুজ্বরের প্রাদুর্ভাব রোধে সচেতনতামূলক সভা/সেমিনার ও প্রচার-প্রচারনা করা এবং টাইফোয়েড টিকাদান কার্যক্রমে জন্য সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | ১। করোনা ভাইরাস এর প্রাদুর্ভাব প্রতিরোধ করার জন্য সকল শিক্ষা প্রতিষ্ঠানসহ হাট-বাজারের স্বাস্থ্য বিধি মেনে চলার জন্য সচেতনতামূলক সভা/ সেমিনার ও প্রচার-প্রচারণার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। টাইফোয়েড টিকাদান কার্যক্রমের প্রচার-প্রচারনা করা। | ১। উপজেলা প্রশাসন, সুন্দরগঞ্জ<br>২। উপজেলা স্বাস্থ্য ও প: প: অফিসার, সুন্দরগঞ্জ ।<br>৩। অফিসার ইনচার্জ, সুন্দরগঞ্জ থানা<br>৪। অফিসার (সকল) অফিস, সুন্দরগঞ্জ,গাইবান্ধা<br>৫। ইউপি চেয়ারম্যান (সকল), সুন্দরগঞ্জ।<br>৬। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সকল)। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নসহ আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট থাকার অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

Raj Kumar ১৫/০৯/২০২৫

রাজ কুমার বিশ্বাস
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
সুন্দরগঞ্জ, গাইবান্ধা
ফোনঃ ০২৫৮৯-৯৮৩৮০২
unosundarganj@mopa.gov.bd

স্মারক নং-০৫.৫৫.৩২৯১.০১১.০১.০০১.১৫. ৭৪৪/১

তারিখ ঃ ০১ আশ্বিন ১৪৩২ / ১৬ সেপ্টেম্বর ২০২৫

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থেঃ

১। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ।
২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৩। জেলা প্রশাসক, গাইবান্ধা।
৪। পুলিশ সুপার, গাইবান্ধা।
৫। উপজেলা,....................................................... অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
৬। চেয়ারম্যান,...................................... ইউপি (সকল), সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
৭। জনাব.................................................... সুন্দরগঞ্জ, গাইবান্ধা।

Raj Kumar ১৫/০৯/২০২৫

উপজেলা নির্বাহী অফিসার
সুন্দরগঞ্জ, গাইবান্ধা
ফোনঃ ০২৫৮৯-৯৮৩৮০২